

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬০১

সোনামুড়া, ১ জুলাই, ২০২৪

**বক্সনগরে সহায়ক মূল্যে ধান ক্রয়**

বক্সনগর নিউ মোটর স্ট্যান্ড প্রাঙ্গনে গত ২৯ জুন থেকে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের সূচনা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেইন, বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার প্রমুখ। এই ধান ক্রয় কেন্দ্রে আগামী ৩ জুলাই পর্যন্ত কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হবে। গত ২৯ জুন প্রথম দিনে এই ধান ক্রয় কেন্দ্রে কৃষকদের কাছ থেকে ১০০ এমাটি ধান ক্রয় করা হয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে প্রতি কেজি ধান ২১৮৩ টাকা দরে ক্রয় করা হচ্ছে।

\*\*\*\*\*